গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
(এস এ শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০১১.০৫.০১১(অংশ-২).২৬- ২৯৩ তারিখ : ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৬

## " সায়রাত মহাল (ফলকর) " ইজারা বিজ্ঞপ্তি:

এতদ্বারা দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ১ (এক) টি সায়রাত মহাল (ফলকর) বাংলা ১ কার্তিক ১৪৩২ হতে ৩০ আশ্বিন ১৪৩৫ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত বর্ণনা ও শর্ত মোতাবেক সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের প্রথম তারিখে দাখিলকৃত দর গৃহীত না হলে পরবর্তী তারিখগুলো কার্যকর হবে।

| ক্রঃ নং | সায়রাত মহালের নাম ও উপজেলার নাম | মৌজার নাম ও তফসিল | দরপত্রের মূল্য | বাংলা ১ কার্তিক ১৪৩২ হতে ৩০ আশ্বিন ১৪৩৫ পর্যন্ত ০৩ বছরের জন্য সম্ভাব্য ইজারা মূল্য | দরপত্র সংগ্রহের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১। | ইটাই আমবাগান, হাকিমপুর, দিনাজপুর। | মৌজা- ইটাই, দাগ নং- ২৬২, পরিমাণ- ১.১৪ একর। | ৫০০/- | ২১,৬০০/- | ১ম দফা- ২৯/০৩/২০২৬<br>২য় দফা- ০৫/০৪/২০২৬<br>৩য় দফা- ১২/০৪/২০২৬<br><br>সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১ম দফা- ৩০/০৩/২০২৬<br>২য় দফা- ০৬/০৪/২০২৬<br>৩য় দফা- ১৩/০৪/২০২৬<br><br>সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত |

**শর্তাবলি:**

১। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে ৫০০ (পাঁচশত) টাকা মূল্যে (অফেরৎযোগ্য) সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সংগ্রহ করা যাবে।

২। সিলমোহরকৃত খামে দরপত্র ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ ও সময়ে, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর রাজস্ব শাখায় এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত দাখিল করা যাবে।

৩। জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এ রক্ষিত দরপত্র বাক্সের মুখ ঐ দিন দুপুর ১.০০ ঘটিকায় বন্ধ করে সংশ্লিষ্ট উপজেলা হতে প্রাপ্ত দরপত্র সংগ্রহের পর বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে এবং পরবর্তীতে জেলা ফলবাগান ইজারা ও ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হবে।

৪। প্রতিটি ফলবাগানের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

৫। দরপত্রে উদ্ধৃত দরের ২৫% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে জামানত হিসেবে জেলা প্রশাসক, দিনাজপুরের অনুকূলে দাখিল করতে হবে।

৬। দরপত্র গৃহীত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

৭। অনুমোদিত দরপত্রের মূল্যের উপর ১০% হারে আয়কর ও ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে।

৮। ইজারা গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে দরপত্র বাতিলসহ জামানতের অর্থ বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা করা হবে।

৯। গৃহীত দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ফরমে চুক্তিপত্র সম্পাদন না করলে বাগানের দখল হস্তান্তর করা হবে না।

১০। ইজারা গ্রহীতা বাগানের কোনরূপ ক্ষতিসাধন করলে অথবা চুক্তিপত্রের শর্ত ভংগ করলে কমিটি ইজারা বাতিলসহ যুক্তিসংগত ক্ষতিপূরণ নির্ধারণ করে আদায় করতে পারবে।

১১। দাখিলকৃত সীলমোহরকৃত খামের উপর ফলবাগানের নাম ও দরদাতার নামসহ পূর্ণ ঠিকানা উল্লেখ করতে হবে। কোন অস্পষ্ট, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার করা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১২। দরপত্র সংক্রান্ত সিডিউল, শর্ত ও অন্যান্য বিষয়ে তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে জানা যাবে।

১৩। ইজারা গ্রহীতা কোন ক্রমেই ইজারা প্রাপ্ত ফলবাগান সাব-লিজ দিতে পারবেন না। ইজারা গ্রহীতা সাব-লিজ প্রদান করলে বা ইজারার কোন শর্ত ভংগ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক বা কালেক্টরের নিকট প্রত্যর্পিত হবে।

১৪। ইজারা গ্রহীতাকে ফলবাগান ইজারা নীতিমালা, ২০১৪ এবং সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ /নির্দেশ মেনে চলতে হবে।

১৫। কর্তৃপক্ষের অনুমোদনের পর ইজারা চূড়ান্ত হবে। অন্যথায় ইজারা বাতিল হয়ে যাবে। এতে ইজারা গ্রহীতার কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৬। ইজারাকালীন সরকার কর্তৃক নতুন কোন কর আরোপ করা হলে ইজারাদার তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৭। বছরের যে কোন সময় দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদকাল বাংলা ১ কার্তিক ১৪৩২ হতেই কার্যকর বলে গণ্য হবে।

১৮। দরপত্রদাতা ফলবাগান সম্পর্কিত অবস্থান সরেজমিনে পর্যবেক্ষণ করতে পারবেন। পরবর্তীতে ফলবাগান সম্পর্কিত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৯। সায়রাত মহালের ইজারা মেয়াদ শেষ হবার সাথে সাথে সংশ্লিষ্ট ফলবাগানের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে কোন ফলবাগানের উপর ইজারা গ্রহীতার কোন দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত ফলবাগানের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন/স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩/০৩/২০২৬

(মো: রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা ফলবাগান ইজারা ও ব্যবস্থাপনা কমিটি
দিনাজপুর।

১৫/০৩/২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
(রাজস্ব শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭০০.০১১.০৫.০১১(অংশ-২).২৬- ২৯৩(২১)

তারিখ : ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পুলিশ সুপার, দিনাজপুর।
৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।
৬-৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
৮। উদ্যানতত্ত্ববিদ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।

**সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। মেয়র, হাকিমপুর পৌরসভা, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি স্ব স্ব উপজেলার ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৩। সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি তার উপজেলার হাট/বাজার সহ গুরুত্বপূর্ণ জনসমাগম স্থানে ব্যাপক জারি/ঢোল সহরতপুর্বক জারি প্রতিবেদন দরপত্র দাখিলের দিনের পূর্বে অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৪। পোষ্ট-মাষ্টার, হাকিমপুর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান................................ইউনিয়ন পরিষদ .................................উপজেলা, দিনাজপুর।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...................ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা................,.... দিনাজপুর।
৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৮। নোটিশ বোর্ড।

১২/০৩/২০২৬

(অমৃত দেব নাথ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা ফলবাগান ইজারা ও ব্যবস্থাপনা কমিটি
দিনাজপুর।

১২/০৩/২০২৬